১৭

আজকের কাগজ

তারিখ ... 28 FEB 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৮ ...

# ২০০০ সালে সবার জন্যে শিক্ষা কর্মসূচি ত্বরান্বিত করতে ফোনেপ নামে একটি সংগঠনের আত্মপ্রকাশ

২৫ ও ২৬ ফেব্রুয়ারি ঢাকা ধানমন্ডিস্থ 'অরকিস' কার্যালয়ে ২০০০ সালের মধ্যে 'সবার জন্যে শিক্ষা' বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের গণমুখী এই কার্যক্রমকে সফলকাম করতে সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহের কার্যক্রমকে তৃণমূল পর্যায়ে তরান্বিত ও গতিশীল করার লক্ষ্যে এক প্রতিনিধি সভা দেশ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক কেএম মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্পতিক্রমে সংগঠনের নাম ফোরাম ফর নন ফরমাল এডুকেশন প্রোগ্রাম (ফোনেপ) নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আতিয়ার রহমানকে আহবায়ক কেঁএম মাসুদুর রহমান, এ এইচ তালুকদার ও এমএ মান্নানকে যুগ্ম আহবায়ক এবং ডাঃ মারুফ আহমেদকে সদস্য সচিব করে ২১ সদস্য বিশিষ্ট্য একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। এই কমিটি ৪৫ দিনের মধ্যে একটি গঠনতন্ত্র প্রণয়ন করে সম্মেলনের মাধ্যমে একটি পূর্ণাংগ কমিটি গঠন করবে। ফোনেপ-এর অস্থায়ী কার্যালয় 'অরকিস'-এর ধানমন্ডিস্থ অফিসকে নির্বাচিত করা হয়। খবর বিজ্ঞপ্তি।